

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ১৯১-আইন/২০২৪/৪৩/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস শুল্ক (Customs Duty), রেগুলেটরি শুল্ক ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :-

**TABLE**

Heading (1)	H.S. Code (2)	Description (3)
07.13	All H.S. Codes	Different type of pulses
09.04	0904.11.10 0904.11.90	Seeds for sowing of pepper of genus piper
09.09	0909.21.10 0909.21.90	Seeds of coriander for sowing
10.01	1001.11.10 1001.11.90 1001.91.10 1001.91.90	Wheat seeds
12.07	1207.50.10 1207.50.90	Mustard seeds
12.09	1209.91.00 1209.99.00	Vegetable seeds Onions seeds

শর্তাবলি

- (১) উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ অনুযায়ী উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হইতে ইস্যুকৃত আমদানি অনুমতি পত্র (Import Permit) এবং উক্ত পত্রের শর্ত অনুযায়ী রপ্তানিকারক দেশের উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ (National Plant Protection

**Organization) কর্তৃক ইস্যুকৃত (Phytosanitary Certificate)** শুষ্কায়নের পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

- (২) আমদানিকৃত বীজের ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি নং ৩(৫) ও ৩(৬) অনুসরণ পূর্বক উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে আমদানিকারককে ঋণপত্র (Letter of Credit) খোলার পূর্বে উদ্ভিদ সংগনিরোধ উইং হইতে আমদানি অনুমতিপত্রের (IP) জন্য আবেদন করিতে হইবে;
- (৩) উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ অনুযায়ী উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হইতে ইস্যুকৃত আমদানি অনুমতি পত্র (Import Permit) এবং উক্ত পত্রের শর্ত অনুযায়ী রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ (National Plant Protection Organization) কর্তৃক ইস্যুকৃত উদ্ভিদ স্বাস্থ্য সনদ (Phytosanitary Certificate) শুষ্কায়নের পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
- (৪) সকল ক্ষেত্রে মোড়ক বা ব্যাগের উপরে “seed for sowing only” লেখাসহ বীজের সংক্ষিপ্ত বিবরণ লিখিত থাকিতে হইবে এবং কোন অবস্থায় মোড়কবিহীন বীজ আমদানি করা যাইবে না।

২। ১ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৬৯-আইন/২০১৯/৫৪/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।